জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.৫২০০.০০১.৪১.০০১.২৫-২৮৩ তারিখ: ১২ জ্যৈষ্ঠ, ১৪৩২ ব. / ২৬ মে, ২০২৫ খ্রি.

## প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, লালমনিরহাট মালিকানাধীন লালমনিরহাট জেলার সদর উপজেলার রাস্তার মৃত, অর্ধমৃত, ঝড়ে পড়া ও ঝুঁকিপূর্ণ বিভিন্ন জাতের ৩টি স্থানের ৩টি গাছ বিভিন্ন ব্যক্তির আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলাম ডাকে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত ছকের বিবরণী মোতাবেক সরেজমিনে গাছ পর্যবেক্ষণপূর্বক নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্র:নং | রাস্তার নাম | গাছের পরিমাণ | নিলামের তারিখ ও সময় | নিলামের স্থান |
|---|---|---|---|---|
| ১ | লালমনিরহাট সদর উপজেলাধীন বড়বাড়ী শিমুলতলা হতে লালমনিরহাটগামী রাস্তায় বড়বাড়ী বাজারে সোনালী ব্যাংকের অপর পার্শ্বে জনাব হযরত আলী চায়ের দোকান এবং জনাব মোঃ হাসানুরের দোকানের মাঝখানে ঝুঁকিপূর্ণ অর্ধমৃত ১টি শিমুল গাছ। | ৩টি গাছ | ০৩/০৬/২০২৫ খ্রি. সকাল: ১১.০০ ঘটিকা | জেলা পরিষদ অফিস ভবন, লালমনিরহাট |
| ২ | লালমনিরহাট সদর উপজেলায় কুলাঘাট-ফুলবাড়ী গামী রাস্তায় ১টি ঝড়ে পড়া পাইকড় গাছ। | | | |
| ৩ | লালমনিরহাট সদর উপজেলাধীন মহেন্দ্রনগর হতে বড়বাড়ীগামী রাস্তার সিঙ্গাদ্বার মৌজার উঁচু ব্রিজের পার্শ্বে অবৈধভাবে কর্তনকৃত ১টি শিমুল গাছের ছোট-বড় ১০টি খন্ড, যাহা বড়বাড়ী রেশন বোর্ড সংলগ্ন কাঠ ব্যবসায়ী মোঃ আজিজুল হক এর নিকট জিম্মায় আছে। | | | |

**শর্তসমূহ:**

১। নিলাম পরিচালনাকারীর নিকট প্রতিটি গাছের জন্য পৃথক পৃথক ভবে ৫,০০০/- (পাঁচ হাজার)(ফেরতযোগ্য) টাকা জামানত হিসেবে জমা দিয়ে ডাকে অংশগ্রহণের জন্য নাম তালিকাভুক্ত করতে হবে।

২। সর্বোচ্চ ডাককারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিলাম ডাকের সমুদয় অর্থ এবং ডাক মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট নিলাম কর্তৃপক্ষের নিকট তৎক্ষণাৎ জমা প্রদান করতে হবে। যথা সময়ে দাখিলকৃত দরের যাবতীয় অর্থ পাওয়া না গেলে দরপত্র দাতাকর্তৃক দাখিলকৃত জামানত জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং পুনরায় নিলাম কার্যক্রম পরিচালনা করা হবে।

৩। নিলাম ডাকে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে ডাকে অংশগ্রহণ করিবার পূর্বে বর্ণিত গাছ গুলো সরেজমিনে দেখার পর ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। সর্বোচ্চ দর দাতার দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে কার্যাদেশ প্রদান করা হবে (নিজ খরচে উক্ত গাছ গুলো নির্ধারিত তারিখের মধ্যে অপসারণ করতে হবে)।

৫। প্রকাশ্য নিলাম ডাকের (ডাক পরিচালনা সংক্রান্ত) অন্যান্য নিয়মাবলী নিলাম পরিচালনাকারী ডাকের সময় উপস্থিত সকলকে জানিয়ে দিবেন।

৬। জেলা পরিষদ কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ডাক বা সকল ডাক গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

26/05/25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
মোবাইল # ০১৩১৭-৪৭৭৮৪৮
ই-মেইল : zplalmonirhat@lgd.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৪। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৫। উপজেলা নির্বাহী অফিসার, সদর, লালমনিরহাট।
৬। অফিসার ইনচার্জ, সদর থানা, সদর, লালমনিরহাট।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট।
৮। চেয়ারম্যান, কুলাঘাট/বড়বাড়ী ইউনিয়ন পরিষদ, লালমনিরহাট।
৯। মেসার্স/জনাব---------------------------------------------।
১০। অফিস নথি।